জনসংখ্যার সর্বাধিক পরিচিত তত্ত্ব হল ম্যালথাসের জনসংখ্যা তত্ত্ব। ১৭৯৮ খ্রিষ্টাব্দে ইংরেজ অর্থনীতিবিদ টমাস ম্যালথাস জনসংখ্যা সম্বন্ধে একটি আলোড়ন সৃষ্টিকারী তত্ত্ব প্রকাশ করেন। এই তত্ত্বটি তাঁর নামানুসারে ম্যালথুসীয় জনসংখ্যা তত্ত্ব নামে পরিচিত। **ম্যালথাস বলেন প্রকৃতিগতভাবে মানুষের খাদ্য উৎপাদন গাণিতিক প্রগতিতে বাড়ে (যেমন–১, ২, ৩, ৪, ৫ ধারায়) কিন্তু জনসংখ্যা বৃদ্ধি পায় জ্যামিতিক প্রগতিতে (যেমন–১, ২, ৪, ৮, ১৬, ৩২ ধারায়) অর্থাৎ জনসংখ্যা খাদ্য উৎপাদন অপেক্ষা দ্রুততর গতিতে বৃদ্ধি পায়।** ভূমির যোগান সীমাবদ্ধ হওয়ায় জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে তাল মিলিয়ে খাদ্য উৎপাদন বৃদ্ধি সম্ভব হয় না। ম্যালথাসের মতে প্রকৃতিগতভাবে জনসংখ্যা দ্রুত হারে বৃদ্ধি পায় এবং প্রতি ২৫ বছরে একটি দেশের জনসংখ্যা দ্বিগুণ হয়। এভাবে জনসংখ্যা ও খাদ্য উৎপাদনের মধ্যে ভারসাম্য নষ্ট হয়ে যায়। দেশে খাদ্য ঘাটতি বা খাদ্য সমস্যা দেখা দেয়। এই পরিস্থিতিকেই জনসংখ্যাধিক্যের লক্ষণ হিসেবে চিহ্নিত করা হয়। ম্যালথাসের মতে, যতদিন দেশে খাদ্যের উৎপাদন বৃদ্ধি করা যায় ততদিন পর্যন্ত জনসংখ্যা বৃদ্ধি অব্যাহত থাকে। খাদ্যের উৎপাদন বা যোগান কম হলেই দেশে খাদ্যাভাব, অনাহার, দুঃখ-দুর্দশা, মড়ক ইত্যাদি দেখা দিবে। এর ফলে জনসংখ্যা হ্রাস পাবে। প্রকৃতি স্বয়ং এ ব্যবস্থা গ্রহণ করে জনসংখ্যা ও খাদ্যের যোগানের মধ্যে ভারসাম্য স্থাপন করে। জনসংখ্যার এরূপ নিয়ন্ত্রণকে ম্যালথাস 'প্রাকৃতিক নিয়ন্ত্রণ' বলে আখ্যায়িত করেছেন।

ম্যালথাসের জনসংখ্যা তত্ত্বের সমালোচনা

ম্যালথাসের জনসংখ্যা তত্ত্বটি কঠোর সমালোচনার সম্মুখীন হয়েছে। এই তত্ত্বের বিপক্ষে প্রধান প্রধান সমালোচনাগুলো নিম্নরূপ :

১। ম্যালথাসের সমসাময়িক অবস্থায় তাঁর তত্ত্বটি কিছুটা সত্য হলেও, পরবর্তী সময়ে পশ্চিম ইউরোপের উন্নয়নের ইতিহাস ম্যালথাসের নৈরাশ্যজনক ভবিষ্যৎ বাণী মিথ্যা প্রমাণিত করেছে। জনসংখ্যা সদা সর্বদা দ্রুতগতিতে বাড়ে, একথা সত্য নয়। কারণ, জনসংখ্যা বৃদ্ধি সম্পর্কিত তথ্য থেকে দেখা যায় যে, জীবন ধারণের মান বৃদ্ধির ফলে এক সময়ে জনসংখ্যা বৃদ্ধির হার কমে। আধুনিক ইউরোপের অনেক দেশে বর্তমানে লোকসংখ্যা হ্রাসের আশঙ্কা দেখা দিয়েছে।

২। খাদ্যের উৎপাদন অত্যন্ত ধীর গতিতে বাড়ে, একথাও সত্য নয়। কারণ বিজ্ঞানের অগ্রগতির ফলে, আধুনিক কৃষি বিজ্ঞান তথা প্রযুক্তির উন্নয়নের ফলে অনেক দেশেরই ফলনের হার যথেষ্ট বৃদ্ধি পেয়েছে, এবং আরও বৃদ্ধি পাবার সম্ভাবনা রয়েছে যা ম্যালথাস চিন্তাও করতে পারেননি।

৩।ম্যালথাস জনসংখ্যা বৃদ্ধিকে খাদ্য উৎপাদনের সাথে তুলনা করেছেন এটাও সঠিক নয়। বাস্তবে যে কোন দেশের মোট সম্পদের সাথে তুলনা করা উচিত। একটি দেশে খাদ্যশস্য কম উৎপন্ন হতে পারে, কিন্তু অন্যান্য সম্পদ বিদেশে রপ্তানি করে অর্জিত বৈদেশিক মুদ্রা দিয়ে সে প্রয়োজনীয় খাদ্য-দ্রব্য আমদানি করতে পারে। এভাবে খাদ্য ঘাটতির মোকাবিলা করতে পারে।

৪। ম্যালথাস জনসংখ্যা বৃদ্ধির কেবলমাত্র ভয়াবহ দিকটিই বিবেচনায় এনেছেন, জনসংখ্যা বৃদ্ধির ভাল দিকটি সম্পর্কে ভাবেননি। নবজাতকের ক্ষুধা অবশ্যই মেটাতে হবে, কিন্তু সে দু'খানা হাত নিয়ে জন্ম নেয়, জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে শ্রমের যোগানও বাড়ে।

৫। ম্যালথাস তার তত্ত্বে গাণিতিক হারে খাদ্য উৎপাদন বৃদ্ধি ও জ্যামিতিক হারে জনসংখ্যা বৃদ্ধির কোন সঠিক প্রমাণ দান করেননি।

৬। জনসংখ্যার সমস্যাটি শুধু উৎপাদনের সমস্যা নয়, উৎপন্ন সম্পদের ন্যায্য ও যথোপযুক্ত বন্টনের সমস্যাও বটে। এসব ক্ষেত্রে সুষ্ঠু ও কার্যকর ব্যবস্থা নিলে জনসংখ্যাধিক্য জনিত সমস্যা এড়ানো যায়।

ম্যালথাসের মতবাদের নানারূপ ত্রুটি থাকা সত্ত্বেও আংশিকভাবে এর সত্যতা অস্বীকার করা যায় না। বিশেষ করে বাংলাদেশের মত অনুন্নত ও জনবহুল দেশে ম্যালথাসের সতর্কবাণী যথেষ্ট গুরুত্বপূর্ণ। তাই আমাদের উচিত জনসংখ্যা বৃদ্ধি রোধ করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

সারসংক্ষেপ

- ম্যালথাস তার তত্ত্বে বলেন যে প্রকৃতিগতভাবে মানুষের খাদ্য উৎপাদন গাণিতিক হারে বাড়ে, কিন্তু জনসংখ্যা জ্যামিতিক হারে বৃদ্ধি পায়।

পাঠোত্তর মূল্যায়ন : ৫.৪

নৈর্ব্যক্তিক প্রশ্ন

সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দিন:

১। কোনটিকে জ্যামিতিক প্রগতি (ধারা) বলে?
ক. ১, ২, ৩, ৪ খ. ১, ২, ৪, ৮
গ. ১, ৩, ৬, ৯ ঘ. ১, ৪, ৯, ১৬

২। কোনটি গাণিতিক প্রগতিতে বৃদ্ধি পায়?
ক. খাদ্য খ. শিল্প
গ. জনসংখ্যা ঘ. কৃষি

রচনামূলক প্রশ্ন

১। ম্যালথাসের জনসংখ্যা তত্ত্ব আলোচনা করুন।
২। ম্যালথাসের তত্ত্বের সমালোচনাগুলো লিখুন।

সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন

১। জনসংখ্যা তত্ত্ব কি?

পাঠ ৫ : শ্রমের দক্ষতা

উদ্দেশ্য :

এ পাঠ শেষে আপনি–

- শ্রমের দক্ষতা বলতে কি বুঝায় তা বলতে পারবেন।
- শ্রমবিভাগ কি তা বর্ণনা করতে পারবেন।
- শ্রমবিভাগের সুবিধা ও অসুবিধাসমূহ ব্যাখ্যা করতে পারবেন।

শ্রমের দক্ষতা বলতে কাজের উৎকর্ষ বা গুণাগুণ ক্ষুন্ন না করে স্বল্পতম সময়ের মধ্যে অধিক পরিমাণ দ্রব্য ও সেবা উৎপাদন করার ক্ষমতাকে বুঝায়। শ্রমের দক্ষতা বাড়লে শ্রমিকের উৎপাদিকা শক্তি বাড়ে। অর্থাৎ শ্রমের দক্ষতা বৃদ্ধি পেলে, নির্দিষ্ট শ্রমিক পূর্বের তুলনায় অধিক উৎপাদন করতে সক্ষম হয়।

শ্রমের দক্ষতা সাধারণত নিম্নলিখিত বিষয়গুলোর উপর নির্ভর করে :

১। কাজ করার ক্ষমতা, ২। কাজ করার ইচ্ছা, ৩। সংগঠনের নৈপুণ্য ও ৪। কারখানার অবস্থা।

১। কাজ করার ক্ষমতা : শ্রমিকের দক্ষতা বহুলাংশে নির্ভর করে তার কাজ করার ক্ষমতার উপর। এই ক্ষমতা আবার নির্ভর করে (ক) শারীরিক যোগ্যতা, (খ) শিক্ষা ও কারিগরি যোগ্যতা, (গ) বুদ্ধিগত দক্ষতা ও (ঘ) নৈতিক যোগ্যতার উপর।

২। কাজ করার ইচ্ছা : কাজ করার ইচ্ছার উপরও শ্রমিকের দক্ষতা নির্ভর করে। কাজ করার ক্ষমতার সাথে সাথে ইচ্ছাও থাকতে হবে। স্বতঃস্ফূর্ত ইচ্ছা, আগ্রহ ও উদ্দীপনা শ্রমিকের কর্মদক্ষতাকে বহুলাংশে বৃদ্ধি করে। কাজ করার ইচ্ছা আবার অনেকগুলো বিষয়ের উপর নির্ভর করে। যেমন– কাজের সময়, নিয়মিত মজুরি প্রদান, উচ্চ বেতনহার, উন্নতির সম্ভাবনা, অবসর ভাতা, নিয়মিত লভ্যাংশ প্রদান, সামাজিক নিরাপত্তার নিশ্চয়তা বিধান ইত্যাদি।

৩। সংগঠনের নৈপুণ্য : সংগঠনের নৈপুণ্যের উপরও শ্রমিকের দক্ষতা নির্ভর করে। সুদক্ষ পরিচালনা ও ব্যবস্থাপনা শ্রমিকের কর্মদক্ষতা বৃদ্ধি করে। মালিকের সংগঠন ক্ষমতা উচ্চমানের হলে বা উচ্চ শিক্ষাপ্রাপ্ত পরিচালকের অধীনে কাজ করলে শ্রমিকগণ সহজেই দক্ষ হয়ে ওঠেন।

৪। কারখানার পরিবেশ : কারখানার পরিচ্ছন্ন পরিবেশ, শ্রমিকদের ব্যক্তিস্বাধীনতা, নিয়ামানুবর্তিতা প্রভৃতি বিষয়ও শ্রমিকের দক্ষতা বৃদ্ধি করে।

৫। আধুনিক যন্ত্রপাতি ও উৎপাদন প্রণালী : উন্নতমানের আধুনিক যন্ত্রপাতি এবং উৎপাদন প্রণালীর নতুনত্ব শ্রমিকদের কর্মদক্ষতা বৃদ্ধি করে।

এসব ছাড়াও সামাজিক ও রাজনৈতিক স্থিতিশীলতা ইত্যাদি শ্রমিকদের কর্মদক্ষতার উপর প্রভাব বিস্তার করে।

শ্রমবিভাগ

আধুনিক বিশ্বে উৎপাদন ব্যবস্থার অন্যতম প্রধান বৈশিষ্ট্য হল শ্রমবিভাগ। উৎপাদন পদ্ধতিকে বিভিন্ন স্তরে ভাগ করে যোগ্যতা ও সামর্থ্য অনুযায়ী কাজ করতে দেওয়াকে শ্রমবিভাগ বলে। প্রাচীন সমাজে প্রতিটি লোক তার নিজের প্রয়োজনীয় দ্রব্যাদি নিজেই উৎপাদন বা যোগাড় করত। কিন্তু আধুনিক কালে সূক্ষ্ম ও জটিল উৎপাদন ব্যবস্থায় একজনকে একটি বিশেষ বৃত্তি অবলম্বন করতে হয়। যেমন– কেউ চাষী, কেউ তাঁতী, কেউ জেলে, কেউ কামার ইতাদি। শিল্প বিপ্লবের পর আধুনিককালে শ্রমবিভাগ আরো ব্যাপকতর হয়েছে। **বর্তমানে কোন দ্রব্যের সম্পূর্ণ উৎপাদন প্রক্রিয়াকে বিভিন্ন স্তরে ভাগ করে শ্রমিকদের সামর্থ্য ও যোগ্যতা অনুযায়ী তাদের মধ্যে কাজ ভাগ করে দেওয়া হয়। এটাকেই শ্রমবিভাগ বা শ্রমবিভাজন বলা হয়।**

বৃহদায়তন শিল্পের অন্যতম প্রধান বৈশিষ্ট্যই হল শ্রমবিভাগ। উৎপাদনের প্রতিটি পর্যায়ে বিভিন্ন শ্রমিক বিভিন্ন কাজ করে এবং দক্ষতা অর্জন করে। এভাবে একে অপরের সহযোগিতায় কাজ সম্পন্ন করে। একটি তৈরি পোশাক কারখানায় শ্রমবিভাগের ফলে কেউ কাপড় কাটে, কেউ শার্টের কলার তৈরি করে, কেউ হাতা তৈরি করে, কেউ বোতাম

লাগায়, কেউ সংযোগ করে, কেউ ইস্ত্রি করে, কেউ প্যাকেট করে– এভাবে অনেকগুলো অসম্পূর্ণ প্রক্রিয়ায় শার্ট তৈরির কাজ সম্পূর্ণ হয়। ফলে, প্রত্যেকটি অংশের কাজে বিভিন্ন দলের লোক দক্ষতা অর্জন করে।

শ্রমবিভাগের সুবিধাসমূহ

১। এই ব্যবস্থায় মানুষ তার পছন্দমত কাজ বেছে নেবার সুযোগ পায়। কাজটি তার কাছে আকর্ষণীয় হয়। এ ধরনের কাজ সম্পন্ন করে তিনি আনন্দ পান; কাজের গুণগত মান বৃদ্ধি পায়।

২। মোট কাজের একটি বিশেষ অংশ বা একই ধরনের ক্ষুদ্র কাজে আত্মনিয়োগের ফলে শ্রমিকের পক্ষে সেই কাজে পারদর্শিতা বা দক্ষতা অর্জন করা সহজতর হয় এবং ভবিষ্যতে আরো দক্ষতা বৃদ্ধির জন্য সচেষ্ট হতে পারেন।

৩। শ্রমবিভাগের অন্য একটি সুবিধা হল এই যে, এ ব্যবস্থায় শিক্ষানবিশ হিসেবে কম সময় লাগে।

৪। প্রত্যেকে তার দক্ষতা অনুযায়ী কাজ পায়। সকল ধরনের কাজের একইরূপ যোগ্যতা লাগে না বা সকল মানুষের যোগ্যতা সমান নয়। তাই যাকে দিয়ে যেমন কাজ করা সম্ভব তাকে সে কাজে নিয়োগ করা যায়। বিভিন্ন ধরনের কাজে অনেককে লাগানো সম্ভব হয়। অর্থাৎ উপাদান হিসেবে শ্রমিকদের ব্যবহার সর্বাধিক পর্যায়ে আনা সম্ভব হয়।

৫। এই ব্যবস্থায় নতুন যন্ত্র আবিষ্কারের পথ সুগম হয়।

৬। শ্রমবিভাগের ফলে শিল্প প্রতিষ্ঠানগুলোর শ্রমিকগণ সহজেই এক শিল্প প্রতিষ্ঠান থেকে অন্য শিল্প প্রতিষ্ঠানে যেতে পারে। এভাবে শ্রমের গতিশীলতা বৃদ্ধি পায়।

৭। দ্রব্যের উৎপাদন বৃদ্ধি পায় ও মূল্য কমে।

শ্রমবিভাগের অসুবিধাসমূহ

১। শ্রমবিভাগের ফলে শ্রমিককে একটি মাত্র কাজ সর্বদাই করতে হয় বা একই যন্ত্র পরিচালনা করতে হয়। তাই কাজটি একঘেয়ে বা বৈচিত্র্যহীন হয়ে পড়ে, কাজে বিরক্তি আসে।

২। একটি কাজের সবটুকু সম্পন্ন করার মাঝে যে পরিতৃপ্তি বা আনন্দ পাওয়া যায়, শ্রমবিভাগের ফলে তা পাওয়া যায় না।

৩। শ্রমবিভাগের ফলে একটি নির্দিষ্ট কাজে দক্ষতা বাড়ে। কিন্তু অন্যান্য কাজের শিক্ষা থেকে শ্রমিক বঞ্চিত হয়। অন্যান্য অনেক কাজের জন্য সে অনুপযুক্ত হয়ে পড়ে।

৪। কোন কারণে যদি নির্দিষ্ট কাজ থেকে সে বিচ্যুত হয়ে পড়ে তাহলে তাকে বেকার সমস্যার সম্মুখীন হতে হয়।

৫। শ্রমিক কোন একটি ক্ষুদ্র অংশের কাজ সম্পন্ন করে এবং অন্যান্য অংশের কোন খবর রাখে না। তাই তার মধ্যে সামগ্রিক দায়িত্ববোধ সৃষ্টি হয় না।

৬। কাজের অনেক অংশ যন্ত্রের সাহায্যে করা হয় বলে শ্রমিক সৃষ্টির আনন্দ থেকে বঞ্চিত হয়।

৭। শ্রমবিভাগ সমাজকে শ্রমিক ও মালিক এই দুইশ্রেণীতে ভাগ করে এবং তাদের মধ্যে সংগ্রামকে জিইয়ে রাখে।

সারসংক্ষেপ

- শ্রমের দক্ষতা বলতে স্বল্পতম সময়ে অধিক পরিমাণ দ্রব্য ও সেবা উৎপাদনের ক্ষমতাকে বুঝায়।
- শ্রমের দক্ষতা নির্ভর করে (ক) কাজ করার ক্ষমতা, (খ) কাজ করার ইচ্ছা, (গ) সংগঠনের নৈপুণ্য ও (ঘ) কারখানার অবস্থার উপর।
- উৎপাদন পদ্ধতিকে বিভিন্ন স্তরে ভাগ করাকে শ্রমবিভাগ বলে।

পাঠোত্তর মূল্যায়ন : ৫.৫

নৈর্ব্যক্তিক প্রশ্ন

সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দিন:

১। শ্রমের দক্ষতা বলতে কি বুঝায়?
- ক. শ্রমিকের যোগান
- খ. শ্রমিকের উৎপাদন ক্ষমতা
- গ. শ্রমিকের শারীরিক শক্তি
- ঘ. শ্রমিকের কাজের চাহিদা

২। শ্রম বিভাগ কোনটি?
- ক. যোগ্যতা অনুযায়ী কর্ম বন্টন
- খ. সময়ের ভিত্তিতে কর্ম বন্টন
- গ. যোগান অনুযায়ী কর্ম বন্টন
- ঘ. চাহিদা অনুযায়ী কর্ম বন্টন

রচনামূলক প্রশ্ন

১। শ্রমের দক্ষতা কি? শ্রমের দক্ষতা কোন কোন বিষয়ের উপর নির্ভরশীল তা আলোচনা করুন।
২। শ্রমবিভাগের সুবিধা ও অসুবিধাগুলো আলোচনা করুন।

সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন

১। শ্রমের দক্ষতা কি?
২। শ্রমের দক্ষতা কোন কোন বিষয়ের উপর নির্ভর করে?

পাঠ ৬ : পুঁজি বা মূলধন

উদ্দেশ্য :

এ পাঠ শেষে আপনি–

- পুঁজি কাকে বলে তা বলতে পারবেন।
- পুঁজি গঠন কি কি বিষয়ের উপর নির্ভর করে তা উল্লেখ করতে পারবেন।
- পুঁজি কিভাবে গঠিত হয় তা ব্যাখ্যা করতে পারবেন।

পুঁজি কি?

সাধারণ অর্থে পুঁজি বলতে ব্যবসায়ে নিয়োজিত টাকা-পয়সাকে বুঝায়। অর্থনীতিতে পুঁজি শব্দটি একটি বিশেষ অর্থ জ্ঞাপন করে। **মানুষের শ্রমের দ্বারা উৎপাদিত দ্রব্যসামগ্রীর যে অংশ সরাসরি ভোগের জন্য ব্যয়িত না হয়ে পুনরায় উৎপাদন কাজে ব্যবহৃত হয় তাকে পুঁজি বলে। এটা মানব সৃষ্ট, প্রকৃতি প্রদত্ত নয়।** যেমন– রেললাইন, রাস্তাঘাট, যন্ত্রপাতি, কারখানা, কাঁচামাল, কৃষকের লাঙ্গল, মিস্ত্রীর হাতুড়ি ইত্যাদি পুঁজি। আধুনিককালে বৃহদায়তন উৎপাদন ব্যবস্থায় পুঁজি একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

পুঁজির বৈশিষ্ট্য

পুঁজির কয়েকটি বৈশিষ্ট্য দেখা যায় :

(ক) অতীত শ্রমের ফল : পুঁজি মানুষের অতীত শ্রমের ফল। জমির মতো এটি প্রাকৃতিক উপাদান নয়।
(খ) পুঁজি উৎপাদনশীল : পুঁজি উৎপাদনশীল, এটি নতুন উৎপাদন করতে সাহায্য করে।
(গ) ভবিষ্যতে আয়ের উৎস : পুঁজির মালিক পুঁজি বিনিয়োগ করে এ থেকে ভবিষ্যতে আয় অর্জন করতে পারে।
(ঘ) সঞ্চয়ের ফল : পুঁজি বৃদ্ধির জন্য সঞ্চয়ের প্রয়োজন হয়। এটি সরাসরি ভোগে না লেগে উৎপাদন কাজে ব্যবহৃত হয়।

পুঁজি গঠন

পুঁজি গঠন বলতে পুঁজি বৃদ্ধির প্রক্রিয়াকে বোঝায়। যে প্রক্রিয়ায় পুঁজির পরিমাণ বাড়ে তাই হল পুঁজি গঠন প্রক্রিয়া। একটি নির্দিষ্ট সময়ে বা কালে কোন দেশ তার বর্তমান পুঁজি যে পরিমাণ বাড়াতে পারে তা-ই ঐ সময় তার পুজি গঠন বা বিনিয়োগের পরিমাণ।

পুঁজি গঠন কি কি বিষয়ের উপর নির্ভর করে

সঞ্চয় থেকে পুঁজির সৃষ্টি হয়। মানুষ তার আয়ের সম্পূর্ণ অংশ ভোগ না করে কিছুটা ভবিষ্যতের জন্য সঞ্চয় করে। এই সঞ্চিত অর্থ যখন উৎপাদন কাজে ব্যবহৃত হয় তখন তা পুঁজিতে পরিণত হয়। পুঁজি সৃষ্টি প্রধানত তিনটি বিষয়ের উপর নির্ভর করে। যথা– **১। সঞ্চয়ের সামর্থ্য, ২। সঞ্চয়ের ইচ্ছা এবং ৩। বিনিয়োগের সুযোগ-সুবিধা**

১। সঞ্চয়ের সামর্থ্য : মানুষের সঞ্চয়ের সামর্থ্য তার আয়ের পরিমাণের উপর নির্ভরশীল। আয় যত বেশি হবে সঞ্চয়ের সামর্থ্য তত বেশি হবে। **মানুষের আয় যদি এমন হয় যে তাঁদের জীবনের ব্যয় নির্বাহের পরও কিছু উদ্বৃত্ত থাকে তাহলে সঞ্চয় সম্ভব হয়।** অতিরিক্ত আয় থেকে এবং সঞ্চয় থেকে পুঁজির উৎপত্তি। সুতরাং সঞ্চয়ের সামর্থ্যের উপরই পুঁজির পরিমাণ নির্ভর করে। বাংলাদেশের মত গরিব দেশের লোকের মাথাপিছু আয় কম বলে তাদের সঞ্চয়ের সামর্থ্যও কম। যে কোন দেশের আয়ের পরিমাণ, মূল্যস্তর, পরিবারের আয়তন, রুচি, অভ্যাস, কর্মসংস্থানের নিশ্চয়তা, জীবনযাত্রার মান ইত্যাদি সঞ্চয়ের সামর্থ্য নির্ধারণ করে।

২। সঞ্চয়ের ইচ্ছা : সঞ্চয়ের পরিমাণ শুধুমাত্র সঞ্চয়ের সামর্থ্যের উপর নির্ভর করে না। সঞ্চয়ের ইচ্ছার উপরও নির্ভর করে। এমন অনেক লোক আছেন যাদের প্রচুর আয় থাকা সত্ত্বেও কোন সঞ্চয় নেই, কেননা সঞ্চয়ের প্রতি তারা গুরুত্ব দেন না। অথচ নিম্ন আয়ের লোক, যেমন গ্রামীণ ব্যাংক কার্যক্রমে অন্তর্ভুক্ত মহিলাদের ইচ্ছা থাকার কারণে বা বাধ্যবাধকতা থাকায় সঞ্চয় করতে সক্ষম হন। **দূরদৃষ্টি, উচ্চাশা ও মর্যাদা লাভের আকাঙ্ক্ষা, পারিবারিক স্নেহ-মমতা, জানমালের নিরাপত্তা, সুদের হার, কর ব্যবস্থা, কৃচ্ছ্রতা অবলম্বন প্রভৃতি বিষয়গুলোর উপর সঞ্চয়ের ইচ্ছা নির্ভর করে।**

৩। বিনিয়োগের সুযোগ-সুবিধা : পুঁজি গঠনের জন্য প্রয়োজন বিনিয়োগের অনুকূল পরিবেশ গড়ে তোলা। **সঞ্চিত অর্থ নিরাপদে বিনিয়োগের জন্য দেশে যথেষ্ট সংখ্যক ব্যাংকের শাখা, বীমা কোম্পানি ও শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠলে জনসাধারণ সে সব ক্ষেত্রে অর্থ খাটানোর সুযোগ পায়। ফলে সঞ্চয়ের পরিমাণ বৃদ্ধি পায়।** এ ধরনের সুযোগ-সুবিধার অভাব থাকলে স্বাভাবিকভাবে সঞ্চয়ের পরিমাণ হ্রাস পাবে বা আশানুরূপ পর্যায়ে গড়ে উঠবে না। পরিশেষে শিক্ষা, সচেতনতা ও দূরদৃষ্টি বৃদ্ধির সঙ্গে সঙ্গে লোকে সঞ্চয়ের গুরুত্ব উপলব্ধি করে, ফলে সঞ্চয়ের পরিমাণ বাড়ে।

কোন দেশের অভ্যন্তরীণ সঞ্চয় যথেষ্ট না হলে আন্তর্জাতিক সংস্থা, বিদেশী সরকার বা বিনিয়োগকারীদের কাছ থেকে প্রাপ্ত ঋণ বা বিনিয়োগযোগ্য অর্থ মূলধন গঠনে সাহায্য করে।

সারসংক্ষেপ

- মানুষের শ্রমের দ্বারা উৎপাদিত দ্রব্য-সামগ্রীর যে অংশ সরাসরি ভোগে নিয়োজিত না হয়ে উৎপাদন কাজে ব্যবহৃত হয় তাকে পুঁজি বলে।
- পুঁজি গঠন প্রধানত তিনটি বিষয়ের উপর নির্ভর করে : (ক) সঞ্চয়ের সামর্থ্য, (খ) সঞ্চয়ের ইচ্ছা ও (গ) বিনিয়োগের সুযোগ-সুবিধা।

পাঠোত্তর মূল্যায়ন : ৫.৬

নৈর্ব্যক্তিক প্রশ্ন

সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দিন:

১। পুঁজি বলতে কি বুঝায়?
   ক. উৎপাদিত পণ্যের যে অংশ আরও পণ্য উৎপাদনে সাহায্য করে
   খ. ব্যাংক থেকে ব্যবসায়ের জন্য ধার করা টাকা
   গ. নিজের তহবিল থেকে যে অর্থ ব্যবসায়ে নিয়োগ করা হয়
   ঘ. নগদ টাকা পয়সা যা ব্যাংকে গচ্ছিত আছে

২। পুঁজি বৃদ্ধি নির্ভর করে কিসের উপর?
   ক. আয় খ. ব্যয়
   গ. সঞ্চয় ঘ. মুনাফা

সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন

১। পুঁজি কাকে বলে?
২। পুঁজির বৈশিষ্ট্য কি কি?

রচনামূলক প্রশ্ন

১। পুঁজি কি? পুঁজি গঠন কি কি বিষয়ের উপর নির্ভর করে তা আলোচনা করুন।

পাঠ ৭ : সংগঠন

উদ্দেশ্য :

এ পাঠ শেষে আপনি–

- সংগঠন কি তার ব্যাখ্যা দিতে পারবেন।
- উৎপাদন ব্যবস্থায় সংগঠকের ভূমিকা কি তা বলতে পারবেন।

সংগঠন কি?

উৎপাদনের চতুর্থ ও সর্বশেষ উপাদান হল সংগঠন। ভূমি, শ্রম, পুঁজি প্রভৃতি উপাদানগুলো একত্রিকরণ ও সমন্বয় সাধন করাকে সংগঠন বলা হয়। শুধুমাত্র ভূমি, শ্রম ও পুঁজি কোন কিছু উৎপাদন করতে পারে না। তাদের মধ্যে যোগাযোগ ঘটানোর জন্য ব্যক্তি বা প্রতিষ্ঠানের প্রয়োজন হয়। প্রকৃতপক্ষে উৎপাদনের প্রতিটি স্তরে বিভিন্ন গুরুত্বপূর্ণ কাজের সিদ্ধান্ত গ্রহণ, এদের মধ্যে সমন্বয় ও সংযোগ সাধন, ব্যবসায়ের সকল ঝুঁকি বহন এবং কার্যকরি তত্ত্বাবধানের মাধ্যমে উৎপাদন কাজ পরিচালনা করাই হল সংগঠন। আধুনিক উৎপাদন ব্যবস্থা ক্রমশ জটিল ও ঝুঁকিপূর্ণ হয়ে উঠেছে। **শিল্প উৎপাদনে বিনিয়োগ, পুঁজি সংগ্রহ, সুদক্ষ শ্রমিক নিয়োগ, তত্ত্বাবধান, যন্ত্রপাতি নির্বাচন ও সংগ্রহ প্রভৃতি গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করতে হয়। উৎপাদনের এসব উপাদানগুলোকে একত্রিত করে তাদের মধ্যে সমন্বয় সাধনের কাজ যে ব্যক্তি বা প্রতিষ্ঠান করেন তাকে সংগঠক বা উদ্যোক্তা বলা হয়।**

উৎপাদন ব্যবস্থায় সংগঠকের ভূমিকা

আধুনিক বিশ্বে বৃহদায়তন ও জটিল উৎপাদন ব্যবস্থায় সংগঠক বা উদ্যোক্তাকে বহুবিধ কার্যাবলী সম্পাদন করতে হয়। নিচে সংগঠকের কার্যাবলীর সংক্ষিপ্ত বর্ণনা দেওয়া হল :

১। উৎপাদনের পরিকল্পনা প্রণয়ন ও নীতি নির্ধারণ : সংগঠক বা উদ্যোক্তার প্রধান কাজ হল কারবারের পরিকল্পনা গ্রহণ ও নীতি নির্ধারণ করা। কোন দ্রব্য বা সেবাকর্ম উৎপাদন করা হবে, কি পরিমাণে উৎপাদন করা হবে, কিভাবে উৎপাদন করা হবে, কোথায় উৎপাদন করা হবে, কত দামে কি পরিমাণ বিক্রি করা হবে ইত্যাদি বিষয়গুলো সংগঠক স্থির করেন। কাঁচামাল, যন্ত্রপাতি এবং কি ধরনের শ্রমিক নিয়োগ করা হবে সে সম্পর্কেও সংগঠককে সিদ্ধান্ত নিতে হয়।

২। উপাদান সংগ্রহ ও সমন্বয় করা : সংগঠকের অপর একটি প্রধান দায়িত্ব হল উৎপাদনের বিভিন্ন উপাদান সংগ্রহ করা এবং তাদের মধ্যে সমন্বয় সাধন করা। উৎপাদন শুরু করার জন্য জমি সংগ্রহ, কারখানার জন্য গৃহনির্মাণ, প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয়, শ্রমিক ও অন্যান্য কর্মচারী নিয়োগ প্রভৃতি কাজ সংগঠককেই করতে হয়। সর্বাধিক মুনাফা অর্জনের লক্ষে সংগঠককে প্রয়াস চালাতে হয় কি করে সর্বাপেক্ষা কম ব্যয়ে চাহিদা মাফিক অথচ সর্বাধিক উৎপাদন করা এবং সবোচ্চ মূল্যে তা বিক্রয় করা যায়।

৩। উৎপাদন কাজ তত্ত্বাবধান করা : সংগঠকের অন্যতম কাজ হল উৎপাদন কার্যক্রম পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন করা। তিনি শ্রম, পুঁজি, কাঁচামাল, জ্বালানি প্রভৃতি সঠিকভাবে ব্যবহার নিশ্চিত করেন। কর্মচারীগণ তাদের দায়িত্ব সূচারুরূপে সম্পন্ন করছে কিনা সেদিকে নজর রাখেন। অবশ্য বৃহদায়তন শিল্পে বেতনভুক কর্মচারীকে পরিচালনার বিশেষ দায়িত্ব অর্পণ করা হয়।

৪। ঝুঁকি গ্রহণ করা : সংগঠকের সর্বাপেক্ষা দায়িত্বপূর্ণ কাজ হল ঝুঁকি ও অনিশ্চয়তা বহন করা। ব্যবসায়ের সকল প্রকার ঝুঁকি ও অনিশ্চয়তা তিনি নিজেই বহন করেন। আধুনিক উৎপাদন ব্যবস্থায় উৎপন্ন দ্রব্য বাজারজাত করার অনেক আগেই সংগঠককে ভবিষ্যৎ চাহিদার পূর্বাভাসের ভিত্তিতে উৎপাদন কাজ শুরু করতে হয়। কিন্তু ইতোমধ্যে মানুষের অভ্যাস, রুচি, প্রযুক্তি ইত্যাদি পরিবর্তনের ফলে চাহিদা হ্রাস পেতে পারে। অনুমানের ভিত্তিতে উৎপাদন করে ভবিষ্যতে তার যেমন লাভ হতে পারে, তেমনি ক্ষতিও হতে পারে। সংগঠক বা উদ্যোক্তা সেই ঝুঁকি গ্রহণ করেই উৎপাদনের কাজ চালান।

৫। বন্টনের কাজ : সংগঠককে উৎপাদনের বিভিন্ন উপাদানের উৎপাদিত আয় তাদের প্রাপ্য অনুযায়ী বন্টন করতে হয়। জমির খাজনা, শ্রমিকের মজুরি, কাঁচামালের দাম, মূলধনের সুদ প্রভৃতি বিভিন্ন উপাদানের প্রাপ্য অংশ তাকে পরিশোধ করতে হয়। এসব পরিশোধের পর যা কিছু অবশিষ্ট থাকে তাই সংগঠকের প্রাপ্য।

৬। নতুন পদ্ধতি আবিষ্কার : সংগঠককে উদ্যোগী হয়ে বিভিন্ন ধরনের উদ্ভাবকের কাজ করতে হয়। তাকে একদিকে উৎপাদনের খরচ কমাতে হয় এবং অন্যদিকে পণ্যের গুণগতমান বৃদ্ধি করতে হয়। এ কারণে তাকে সবচেয়ে আধুনিক ও উন্নত, সূক্ষ্ম ও মূল্যবান যন্ত্রপাতি আবিষ্কার ও যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হয়। এসব কাজে অন্যান্য সংগঠক

বা উদ্যোক্তাদের সাথে প্রতিযোগিতায়ও অবতীর্ণ হতে হয়। তাই নতুন পণ্য, নতুন উৎপাদন পদ্ধতি ও নতুন নতুন বাজার খুঁজে বের করতে হয়। এতে নতুন আবিষ্কারের পথ প্রশস্ত হয়।

সংগঠকের এসব কার্যকলাপ থেকে প্রতীয়মান হয় যে, উৎপাদন ব্যবস্থায় সংগঠক বা উদ্যোক্তাদের ভূমিকা অতি গুরুত্বপূর্ণ।

সারসংক্ষেপ

- ভূমি, শ্রম, পুঁজি প্রভৃতি উপাদানগুলো একত্রিকরণ ও সমন্বয় সাধন করাকে সংগঠন বলে। আধুনিক উৎপাদন ব্যবস্থা ক্রমশ জটিল ও ঝুঁকিপূর্ণ হওয়ার কারণে সংগঠনের গুরুত্ব বৃদ্ধি পেয়েছে।
- বর্তমানে সংগঠক বা উদ্যোক্তাকে নানাবিধ কার্যাবলী সম্পাদন করতে হয়। যেমন, উৎপাদনের পরিকল্পনা প্রণয়ন ও নীতি নির্ধারণ, তত্ত্বাবধান, ঝুঁকি গ্রহণ, বন্টন ইত্যাদি।

পাঠোত্তর মূল্যায়ন : ৫.৭

নৈর্ব্যক্তিক প্রশ্ন

সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দিন:

১। উৎপাদনের সর্বশেষ উপাদান কি?
ক. পুঁজি খ. কাঁচামাল
গ. সংগঠন ঘ. শ্রমিক

২। অর্থনীতিতে সংগঠনের অর্থ কি?
ক. উপাদানের বাজারজাতকরণ
খ. উৎপাদনের উপাদানের সমন্বয়
গ. উৎপাদনের একত্রীকরণ
ঘ. সুদক্ষ কর্মকর্তা ও শ্রমিক নিয়োগ

সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন

১। সংগঠন বলতে কি বুঝায়?

রচনামূলক প্রশ্ন

১। উৎপাদন ব্যবস্থায় সংগঠকের ভূমিকা আলোচনা করুন।

উত্তরমালা

অনুশীলনী ৫.১ : ১। গ ; ২। ক ; ৩। ক ; ৪। খ।
অনুশীলনী ৫.২ : ১। ক ; ২। ক ; ৩। খ ; ৪। খ।
অনুশীলনী ৫.৩ : ১। খ ; ২। ক।
অনুশীলনী ৫.৪ : ১। খ ; ২। ক।
অনুশীলনী ৫.৫ : ১। খ ; ২। ক।
অনুশীলনী ৫.৬ : ১। ক ; ২। গ।
অনুশীলনী ৫.৭ : ১। গ ; ২। খ।

ইউনিট ৬

বাজার

ভূমিকা

পূর্বের ইউনিটে উৎপাদন এবং এর উপাদানসমূহ নিয়ে আলোচনা করা হয়েছে। আধুনিক অর্থনৈতিক ব্যবস্থায় বিভিন্ন দ্রব্য ও সেবার উৎপাদন গড়ে উঠেছে বাজারের চাহিদা ও প্রয়োজনকে কেন্দ্র করে। মুনাফা সর্বাধিক করার লক্ষে উৎপাদনকারী যেমন বাজার থেকে কম মূল্যে উৎপাদনের উপাদান বা কাঁচামাল সংগ্রহের চেষ্টা করে, তেমনি সেগুলো ব্যবহার করে উৎপাদিত পণ্য সর্বাধিক মূল্যে আবার বাজারে বিক্রয় করার চেষ্টা করে। অতএব গোটা উৎপাদন প্রক্রিয়াতে বাজার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

পাঠ ১ : বাজারের অর্থ ও আয়তন

উদ্দেশ্য :

এ পাঠ শেষে আপনি–

- বাজার কাকে বলে তা বলতে পারবেন।
- বাজারের বৈশিষ্ট্য কি কি তার বর্ণনা দিতে পারবেন।
- বাজারের আয়তনের ব্যাখ্যা দিতে পারবেন।
- বাজারের আয়তন কোন কোন বিষয়ের দ্বারা নির্ধারিত হয় তা বলতে পারবেন।

বাজার কাকে বলে?

সাধারণ অর্থে বাজার বলতে একটি নির্দিষ্ট স্থানকে বুঝায় যেখানে বিভিন্ন প্রকার দ্রব্যসামগ্রী ক্রয়-বিক্রয় হয়। কিন্তু অর্থনীতিতে বাজার শব্দটি একটি বিশেষ অর্থে ব্যবহৃত হয়। অর্থনীতিতে **কোন পণ্য এবং প্রতিযোগিতার মাধ্যমে পণ্যের দাম নির্ধারণকারী ক্রেতা ও বিক্রেতাদেরকে বাজার নামে আখ্যায়িত করা হয়। যেমন– পাটের বাজার, স্বর্ণের বাজার, কাপড়ের বাজার ইত্যাদি।**

অর্থনীতিতে বাজারের কয়েকটি উপাদান বা বৈশিষ্ট্য আছে। যথা–

(ক) ক্রয়-বিক্রয়যোগ্য এক বা একাধিক দ্রব্য থাকতে হবে।

(খ) ঐ দ্রব্যগুলোর ক্রেতা ও বিক্রেতা থাকা চাই। ক্রেতাদের মধ্যে ক্রয়ের বাজারে প্রতিযোগিতা এবং বিক্রেতাদের মধ্যে বিক্রয়ের বাজারে প্রতিযোগিতা থাকে।

(গ) ক্রেতা-বিক্রেতাদের মধ্যে অবাধ সংশ্রবের ফলে একই সময়ে একই দ্রব্যের জন্য একটি নির্দিষ্ট দামের উদ্ভব হবে।

(ঘ) একটি স্থান, অঞ্চল, দেশ বা গোটা পৃথিবী কোন পণ্যের বাজার হতে পারে।

বাজারের আয়তন

সকল পণ্যের বাজার একরূপ হয় না। বাজারের আয়তন ক্ষুদ্র বা বড় হতে পারে। যেমন, মাছ বা দুধের বাজার সংকীর্ণ; কিন্তু গম, সোনা বা কাপড় ইত্যাদি পণ্যগুলোর বাজারের আয়তন বড় হয়। এসব ধরনের পণ্যের বাজার বিশ্বজোড়াও হয়। নিচে বাজারের আয়তন বা বিস্তৃতি যেসব বিষয়ের উপর নির্ভর করে তা আলোচনা করা হল :

১. চাহিদার বিস্তৃতি : কোন পণ্যের বাজার এর চাহিদার উপর নির্ভর করে। যে পণ্যের চাহিদা যত ব্যাপক তার বাজার তত বিস্তৃত হয়ে থাকে। কিন্তু যে পণ্যের চাহিদা কম তার বাজার সংকীর্ণ হয়ে থাকে। স্বর্ণ, রৌপ্য, গম, কাপড়, তুলা ইত্যাদির বাজার বিস্তৃত হয়। কিন্তু মাছ, দুধ, সবজি ইত্যাদির বাজার খুব সংকীর্ণ এবং ছোট একটি এলাকাতে সীমাবদ্ধ থাকে।

২. যোগান : কোন পণ্যের বাজার বিস্তৃত হতে হলে এর যোগানও বিপুল হতে হবে। মার্কিন যুক্তরাষ্ট্র এত অধিক গম উৎপাদন করতে পারে বলেই তা বিশ্বব্যাপী সরবরাহ করা সম্ভব হয়। তাই এই গমের বাজার বিশ্বব্যাপী। অন্যদিকে, বাংলাদেশের চালের যোগান সীমিত বলে এর বাজার দেশের মধ্যেই সীমাবদ্ধ।

৩. স্থায়িত্ব : যে সব দ্রব্য পচনশীল, ক্ষণস্থায়ী এবং কোথাও পাঠাতে গেলে নষ্ট হয়ে যায়, সে সব দ্রব্যের বাজার সংকীর্ণ হয়। যেমন– তাজা মাছ, পাকা ফল, শাক-সবজি, দুধ ইত্যাদির বাজার সংকীর্ণ। অপরপক্ষে, যে সব দ্রব্য টেকসই ও দীর্ঘস্থায়ী তাদের বাজার বিস্তৃত হয়। যেমন – স্বর্ণ, রৌপ্য, কাপড় ইত্যাদির বাজার বিস্তৃত হয়।

৪. বহনযোগ্যতা : যে সব দ্রব্যের ওজন কম অথচ মূল্য বেশি, সহজে ও অল্প খরচে স্থানান্তর করা যায় সে সব দ্রব্যের বাজার বিস্তৃত হয়। স্বর্ণ, রৌপ্য প্রভৃতি দ্রব্য সহজে বহনযোগ্য তাই তাদের বাজার বিস্তৃত। অপরপক্ষে, যে সব দ্রব্যের আয়তন ও ওজন বেশি এবং স্থানান্তর কষ্টসাধ্য ও ব্যয়বহুল তাদের বাজার সংকীর্ণ হয়। যেমন– ইটের বাজার।

৫. শ্রেণীবিভাগ ও নমুনাকরণ : যে সমস্ত দ্রব্য গুণাগুণ অনুসারে বিভিন্ন শ্রেণীতে ভাগ করা যায় এবং বিদেশে বা দূরতম স্থানে নমুনাসমূহ পাঠিয়ে ক্রেতাদের কাছ থেকে ক্রয়-আদেশ পাওয়া যায়, সে সব দ্রব্যের বাজার বিস্তৃত হয়। যে সব দ্রব্যের ক্ষেত্রে এ ধরনের নমুনাকরণের সুবিধা নেই, সে সব দ্রব্যের বাজার সংকীর্ণ হয়ে থাকে।

৬. উন্নত পরিবহন ও যোগাযোগ ব্যবস্থা : বাজারের পরিধি দেশের পরিবহন ও যোগাযোগ ব্যবস্থার উপরও অনেকাংশে নির্ভর করে। সড়ক, রেল, জল ও বিমান পরিবহন ব্যবস্থা এবং ডাক, তার, টেলিফোন ইত্যাদি যোগাযোগ মাধ্যমগুলো উন্নত হলে বিভিন্ন দ্রব্যাদি সহজে সময়মত দূরবর্তী স্থানে পাঠানো সম্ভব হয়। ফলে এসব দ্রব্যাদির বাজার বিস্তৃত হয়।

৭. শান্তি ও নিরাপত্তা : শান্তি ও নিরাপত্তাযুক্ত পরিবেশের উপরও বাজারের বিস্তৃতি নির্ভর করে। দেশের ভিতর এবং বাইরে যদি শান্তি ও নিরাপত্তা বজায় থাকে তাহলে নির্বিঘ্নে দ্রব্যাদির আদান-প্রদান চলে। ফলে বাজার বিস্তৃত হয়। অপরপক্ষে, দেশের মধ্যে এবং বাইরে যুদ্ধ-বিগ্রহ বা রাজনৈতিক বিশৃঙ্খলা বিরাজ করলে দ্রব্যের অবাধ চলাচল বিঘ্নিত হয় এবং বাজারের আয়তন হ্রাস পায়।

৮. সরকারের বাণিজ্যনীতি : বাজারের বিস্তৃতি সরকারের বাণিজ্যনীতির উপরও বহুলাংশে নির্ভর করে। সরকার যদি সংরক্ষণমূলক বাণিজ্যনীতি অনুসরণ করে এবং দ্রব্য আমদানি ও রপ্তানির উপর বিভিন্ন বিধি-নিষেধ আরোপ করে তাহলে দ্রব্যের বাজার সংকুচিত হয়। পক্ষান্তরে সরকার যদি অবাধ ও উদার বাণিজ্যনীতি অনুসরণ করে তাহলে দ্রব্যের বাজার বিস্তৃত হয়।

৯. শ্রমবিভাগ : বাজারের বিস্তৃতি অনেক সময় শ্রমবিভাগের মাত্রার উপরও নির্ভর করে। উৎপাদন পদ্ধতিতে যত বেশি মাত্রায় শ্রমবিভাগ প্রবর্তন করা যায় তত বেশি উৎপাদন হয়। দ্রব্যের মান উন্নত হয়, উৎপাদন ব্যয় কম হয়। কম মূল্যে বিক্রয় করা সম্ভব হয়। ফলে দ্রব্যের বাজার বিস্তৃত হয়।

১০. প্রচারণা : আধুনিক প্রচারমুখী সমাজে প্রচারণার উপর বাজারের বিস্তৃতি নির্ভর করে। দ্রব্যের গুণাগুণ, দাম ও প্রাপ্তিস্থান., ব্যাপক বিজ্ঞাপন, রেডিও, টেলিভিশন ও সংবাদপত্রের মাধ্যমে ক্রেতাদের কাছে পৌঁছানো যায়। ফলে সে সব দ্রব্যের বাজার বিস্তার লাভ করে।

সারসংক্ষেপ

- ক্রেতা-বিক্রেতাদের মধ্যে প্রত্যক্ষ ও পরোক্ষ দরকষাকষির মাধ্যমে একটি দ্রব্য নির্ধারিত দামে ক্রয়-বিক্রয় হয়। দ্রব্য এবং ক্রেতা ও বিক্রেতাকে বাজার বলে। যেমন– পাটের বাজার, স্বর্ণের বাজার ইত্যাদি।
- বাজারের অনেকগুলো বৈশিষ্ট্য আছে এবং অনেকগুলো বিষয় দ্বারা বাজারের আয়তন নির্ধারিত হয়। যেমন– চাহিদার বিস্তৃতি, যোগান, দ্রব্যের স্থায়িত্ব, পরিবহনযোগ্যতা সরকারের বাণিজ্যনীতি, প্রচারণা ইত্যাদি।

পাঠোত্তর মূল্যায়ন : ৬.১

নৈর্ব্যক্তিক প্রশ্ন

সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দিন:

১। বাজার কি?

ক. গঞ্জ বা হাট যেখানে দ্রব্য বেচাকেনা হয়

খ. ক্রেতা ও বিক্রেতা যেখানে মিলিত হয়

গ. দ্রব্য এবং ক্রেতা ও বিক্রেতা

ঘ. পণ্য নিয়ে দর কষাকষির স্থান

২। কোন দ্রব্যের চাহিদা বিস্তৃত?
ক. মাছ খ. দুধ
গ. সোনা ঘ. শাক-সবজি

রচনামূলক প্রশ্ন :
১। বাজারের বিস্তৃতি নির্ধারণকারী বিষয়গুলো আলোচনা করুন।

সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন :
১। বাজার কাকে বলে?
২। বাজারের উপাদান কি কি?

পাঠ ২ : বাজারের শ্রেণীবিভাগ

উদ্দেশ্য :

এ পাঠ শেষে আপনি–
- বাজারের শ্রেণীবিভাগ করতে পারবেন।
- সময়-মেয়াদ অনুসারে বাজারকে কি কি ভাবে ভাগ করা যায় তা বলতে পারবেন।
- প্রতিযোগিতার ভিত্তিতে বাজারকে কি কি ভাবে ভাগ করা যায় তা উল্লেখ করতে পারবেন।

আয়তন, সময় এবং প্রতিযোগিতার ভিত্তিতে বাজারকে বিভিন্নভাবে ভাগ করা যায়। এগুলো নিয়ে নিচে আলোচনা করা হল :

(ক) আয়তনের ভিত্তিতে শ্রেণীবিভাগ

আয়তন বা পরিধি অনুসারে বাজারকে তিন ভাগে ভাগ করা যায়। এগুলো হচ্ছে :
১। স্থানীয় বাজার ২। জাতীয় বাজার এবং ৩। আন্তর্জাতিক বাজার।

১। স্থানীয় বাজার : যখন কোন পণ্যের বাজার দেশের একটি বিশেষ স্থান বা এলাকা বা অঞ্চলের মধ্যে সীমাবদ্ধ থাকে তখন তাকে স্থানীয় বাজার বলে। যেমন–টাটকা মাছ বা শাক-সব্জির বাজার।

২। জাতীয় বাজার : যখন কোন পণ্যের বাজার সারা দেশ জুড়ে বিস্তৃত থাকে তখন তাকে জাতীয় বাজার বলা হয়। যেমন– দেশে উৎপন্ন চাল, গম, শাড়ি, চাদর ইত্যাদির বাজারকে জাতীয় বাজার বলা হয়।

৩। আন্তর্জাতিক বাজার : কোন পণ্যের ক্রয়-বিক্রয় যখন দেশের মধ্যে সীমাবদ্ধ থাকে না বরং কতকগুলো দেশ জুড়ে বিস্তৃত থাকে তখন এই ধরনের পণ্যের বাজারকে আন্তর্জাতিক বাজার বলা হয়। যেমন– পাট, তুলা, স্বর্ণ ইত্যাদির বাজার আন্তর্জাতিক বাজার।

(খ) সময়ের ভিত্তিতে বাজারের শ্রেণীবিভাগ

অধ্যাপক মার্শাল সময়ের ভিত্তিতে বাজারকে ৪ ভাগে ভাগ করেছেন। এগুলো হল :
১। অতি-স্বল্পকালীন বাজার, ২। স্বল্পকালীন বাজার, ৩। দীর্ঘকালীন বাজার ও ৪। অতি-দীর্ঘকালীন বাজার।

১। অতি-স্বল্পকালীন বাজার : যে বাজার কয়েক ঘন্টা বা কয়েক দিন স্থায়ী হয় তাকে অতি-স্বল্পকালীন বাজার বলে। এরূপ বাজারের সময় এতই অল্প যে দ্রব্যের সরবরাহের হ্রাস-বৃদ্ধি করা যায় না। এ অবস্থায় দ্রব্যের মূল্য চাহিদা দ্বারাই নির্ধারিত হয়। মাছ ও শাক-সব্জির বাজার এরূপ অতি-স্বল্পকালীন বাজার।

২। স্বল্পকালীন বাজার : স্বল্পকালীন বাজারে পণ্যের যোগান কিছুটা বাড়ানো বা কমানো যায় এবং যদি চাহিদা কমে তবে যোগানও কিছুটা কমানো যায়। তবে এটুকু সময়ের মধ্যে শিল্প প্রতিষ্ঠানের আয়তন বা সংখ্যা পরিবর্তন করা যায় না।

৩। দীর্ঘকালীন বাজার : যে বাজারে দ্রব্যের চাহিদার সাথে সাড়া দিয়ে যোগান পরিবর্তন করা যায় তাকে দীর্ঘকালীন বাজার বলা হয়। চাহিদা বৃদ্ধি বা হ্রাস পেলে এ সময়ের মধ্যে উৎপাদন প্রতিষ্ঠানের সংখ্যা, আয়তন, যন্ত্রপাতি, উৎপাদন পদ্ধতির পরিবর্তন ঘটিয়ে চাহিদার সাথে যোগানের সামঞ্জস্য বিধান করা যায়।

৪। অতি-দীর্ঘকালীন বাজার : যে বাজারে উৎপাদনকারীর কাছে এত অধিক সময় থাকে যে, দ্রব্যের চাহিদার ব্যাপক পরিবর্তনের সাথে সামঞ্জস্য রেখে যোগানের হ্রাস-বৃদ্ধি ঘটানো যায় এরূপ বাজারকে অতি-দীর্ঘকালীন বাজার বলা হয়। কিন্তু এই বাজারে সময়ের ব্যবধানে ক্রেতার সংখ্যা রুচি ও অভ্যাসের ব্যাপক পরিবর্তন ঘটাতে পারে। ফলে উৎপাদনকারীর ধারণার বাহিরে চাহিদারও ব্যাপক পরিবর্তন ঘটতে পারে।

(গ) প্রতিযোগিতার ভিত্তিতে শ্রেণীবিভাগ

প্রতিযোগিতার ভিত্তিতে বাজারকে প্রধানত দুই ভাগে ভাগ করা যায়। যথা– ১। পূর্ণ প্রতিযোগিতামূলক বাজার ও ২। অপূর্ণ প্রতিযোগিতামূলক বাজার। এই দুই ধরনের বাজারের বিবরণ নিচে দেওয়া হল :

১। পূর্ণ প্রতিযোগিতামূলক বাজার : যখন কোন সমজাতীয় (অর্থাৎ একজাতীয়) দ্রব্যের বাজারে বহুসংখ্যক ক্রেতা ও বিক্রেতা থাকে এবং তাদের মধ্যে পূর্ণ প্রতিযোগিতা বিরাজ করে তখন তাকে পূর্ণ প্রতিযোগিতমূলক বাজার বলা হয়।

২। অপূর্ণ প্রতিযোগিতামূলক বাজার : যখন কোন দ্রব্যের বাজারে কম সংখ্যক ক্রেতা বা বিক্রেতা থাকে, যার ফলে তাদের মধ্যে যে কোন একজনের আচরণ মূল্যের উপর প্রভাব বিস্তার করে, তখন বাজারকে আংশিক বা অপূর্ণ প্রতিযোগিতামূলক বাজার বলে।

অপূর্ণ প্রতিযোগিতামূলক বাজারকে আবার দুইভাগে ভাগ করা যায়। যথা– ১) একচেটিয়া বাজার ও (১) একচেটিয়া প্রতিযোগিতামূলক বাজার।

(১) একচেটিয়া বাজার : যখন বাজারে কোন দ্রব্যের মাত্র একজন বিক্রেতা থাকে বা একটি মাত্র উৎপাদক প্রতিষ্ঠান দ্রব্যটির মোট যোগান নিয়ন্ত্রণ করে তখন তাকে একচেটিয়া বাজার বলে।

(২) একচেটিয়া প্রতিযোগিতামূলক বাজার : যখন বাজারে বহুসংখ্যক বিক্রেতা সম্পূর্ণ এক না হয়েও প্রায় একই ধরনের দ্রব্য বিক্রয় করে তখন তাকে একচেটিয়া প্রতিযোগিতামূলক বাজার বলে।

নিচে একটি ছকের সাহায্যে প্রতিযোগিতামূলক বাজারের শ্রেণীবিভাগ দেখানো হল :



সারসংক্ষেপ

- আয়তনের ভিত্তিতে এবং সময়ের পরিসর অনুসারে বাজারের বিভিন্ন ধরনের শ্রেণীবিভাগ হতে পারে। যেমন– স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক বাজার। আবার অতি-স্বল্পকালীন, স্বল্পকালীন, দীর্ঘকালীন ও অতি-দীর্ঘকালীন বাজার।
- প্রতিযোগিতার ভিত্তিতে বাজারকে পূর্ণ প্রতিযোগিতা ও অপূর্ণ প্রতিযোগিতামূলক এই দু'ভাগে ভাগ করা যায়।

পাঠোত্তর মূল্যায়ন : ৬.২

নৈর্ব্যক্তিক প্রশ্ন

সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দিন:

১। আয়তন অনুসারে বাজারকে কয় ভাগে ভাগ করা যায়?
ক. পাঁচ ভাগে খ. তিন ভাগে
গ. চার ভাগে ঘ. দুই ভাগে

২। কোন দ্রব্যের বাজার আন্তর্জাতিক বাজার?
ক. দুধ খ. শাক-সবজি
গ. স্বর্ণ ঘ. চাদর

৩। সময়ের ভিত্তিতে বাজারকে কয় ভাগে ভাগ করা যায়?
ক. তিন ভাগে খ. পাঁচ ভাগে
গ. চার ভাগে গ. দুই ভাগে

রচনামূলক প্রশ্ন

১। পরিধি বা আয়তন অনুযায়ী বাজারকে কি কি ভাগে ভাগ করা যায় তা বর্ণনা করুন?
২। প্রতিযোগিতার ভিত্তিতে বাজারের শ্রেণীবিভাগ আলোচনা করুন।

সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন

১। অধ্যাপক মার্শাল সময়ের ভিত্তিতে বাজারকে যে কয় ভাগে ভাগ করেছেন তা লিখুন।
২। অতি-স্বল্পকালীন বাজার কাকে বলে আলোচনা করুন।

পাঠ ৩ : বাংলাদেশের বিভিন্ন পণ্য ও সেবার বাজার

উদ্দেশ্য :

এ পাঠ শেষে আপনি–

- বিপণনের সংজ্ঞা দিতে পারবেন।
- বাংলাদেশের বিপণন ব্যবস্থার গুরুত্বপূর্ণ স্বভাবগুলোর বর্ণনা দিতে পারবেন।
- বাংলাদেশে বিপণন কাজে নিযুক্ত প্রতিষ্ঠানসমূহের বর্ণনা দিতে পারবেন।
- কৃষিপণ্য বিপণনে নিযুক্ত প্রতিষ্ঠানসমূহ কি কি তা বলতে পারবেন।
- শিল্প সামগ্রী বিপণনে নিয়োজিত প্রতিষ্ঠানসমূহ কি কি তা উল্লেখ করতে পারবেন।

বিপণন

দ্রব্যসামগ্রী তৈরি বা প্রস্তুত হওয়ার পর উৎপাদনকারীর কাছ থেকে এগুলো ভোক্তার কাছে নিয়মিত ও অবিরাম ধারায় প্রবাহিত করার যাবতীয় কার্যাবলীকে বিপণন বা বাজারজাতকরণ বলা হয়। এ দ্বারা সমাজের প্রয়োজনীয় বিভিন্ন জিনিসের চাহিদা ও সরবরাহের মধ্যে সমতা সৃষ্টি করা হয়। প্রকৃতপক্ষে বিপণন এমন এক কার্যক্রম যা ভোক্তাদের চাহিদা ও প্রয়োজন আবিষ্কার করে, সে অনুযায়ী পণ্য বা সেবা উৎপন্ন করে এবং চাহিদা সৃষ্টি বা বৃদ্ধির কাজে ব্যাপৃত থাকে। সুতরাং বলা যায় যে উৎপাদনের সাথে ভোগের সেতুবন্ধন সৃষ্টিই হচ্ছে বিপণনের কাজ।

বাংলাদেশে বিপণন কাজের বর্ণনা

বাংলাদেশের অর্থনীতিতে উৎপাদনকারীগণ মোট উৎপাদনের অধিকাংশই নিজে ব্যবহার করে থাকে। সাধারণত কৃষিভিত্তিক অনুন্নত দেশগুলোতে এটি একটি স্বাভাবিক অবস্থা। জনসংখ্যাধিক্যের কারণেই এরূপ ঘটে।

বিপণনের কাজ হল কোন জিনিসকে উৎপাদকের কাছ থেকে ভোক্তার কাছে পৌঁছে দেওয়া। এ কাজে যে সকল লোক ও সম্পদ নিয়োজিত আছে, তারা প্রধানত পরিবহন, যোগাযোগ, গুদামজাতকরণ, অর্থ যোগানদান, বীমা ব্যবসা, সংবাদ সরবরাহ এবং ক্রয় ও বিক্রয়ের কাজ করে থাকে। এ কাজগুলো কত স্বল্প ব্যয়ে ও যথাসময়ে কতটা করা সম্ভব তার উপরই সমগ্র দেশের বিপণন ব্যবস্থা নির্ভর করছে। বিজ্ঞান ও প্রযুক্তির প্রসারের সাথে সাথে বিপণন ক্ষেত্রেও যোগ্যতা ও দক্ষতার ব্যাপক পরিবর্তন ঘটেছে। যেমন– পরিবহন বা গুদামজাতকরণের কাজ সেকালেও ছিল এবং বর্তমানকালেও করতে হয়। কিন্তু আগের দিনে পণ্যসামগ্রী এক স্থান থেকে অন্যস্থানে নেওয়া হত পশুর পিঠে করে, সেখানে বর্তমানে স্টিমার, রেলগাড়ি ও উড়োজাহাজে একাজ সম্পন্ন করা হচ্ছে। তেমনি পুরাতন গোলাঘরের বদলে এখন গুদামজাতের জন্য হিমাগার ব্যবহৃত হচ্ছে। বর্তমান কালে মোড়কের জন্য উন্নতমানের দ্রব্যাদি বা মাল-মসলা ব্যবহার করা হচ্ছে। আধুনিককালে আকর্ষণীয় মোড়কের প্রতি মানুষ অধিক ঝুঁকেছে। তেমনি দ্রব্যের শ্রেণীবিভাগ বৈজ্ঞানিক ব্যবস্থার উপর প্রতিষ্ঠিত হয়েছে। কেননা নমুনার উপর ভিত্তি করে চাহিদা ও যোগানের পরিমাণ নির্ধারিত হয়।

বাংলাদেশে বিপণন কাজে নিযুক্ত প্রতিষ্ঠানসমূহের বর্ণনা ও শ্রেণীবিভাগ

কি ধরনের প্রতিষ্ঠান এই বিপণন কাজ সম্পন্ন করবে তা দ্রব্যের প্রকৃতির উপর নির্ভরশীল। যেমন, মিলের প্রস্তুত কাপড় দেশের বিভিন্ন অঞ্চলে বিক্রয় করতে হবে। সুতরাং এ কাজের জন্য প্রধানত কয়েক শ্রেণীর এবং কয়েক স্তরের মধ্যস্থ কারবারির প্রয়োজন। মিল থেকে প্রথমত পাইকারি বিক্রেতা বা হোলসেলার এই কাপড় নিয়ে আসে এবং তার কাছ থেকে খুচরা বিক্রেতা বা রিটেলার নিয়ে যায় এবং খরিদ্দারের কাছে বিক্রি করে। কিন্তু কৃষিজাত পণ্যের বেলায় প্রথমত পল্লীর বিস্তীর্ণ এলাকা থেকে ফরিয়া বা ছোট বেপারি অল্প পরিমাণে কৃষিজাত পণ্য, যেমন– তরকারি কিনে আনে। গ্রাম বা হাট থেকে কেনা এই তরকারি শহরে এনে তারা বড় বেপারি বা আড়তদারের কাছে বিক্রি করে। এরপর খুচরা বিক্রেতারা এগুলো কিনে আনে এবং ভোগকারি ক্রেতার কাছে বিক্রয় করে। আবার সবসময় যে মধ্যস্থতাকারী প্রয়োজন হয় এমন নয়। যেমন– গ্রামের তাঁতিরা কাপড় বানিয়ে নিজেরাই হাটে বা বাজারে বিক্রি করে। আবার যাদের তাঁত অনেকগুলো, বেশ কিছু কাপড় তৈরি করে তারা কিন্তু মহাজনের ঘরে গিয়ে ঐ কাপড় বিক্রি করে। এখানে মধ্যস্থতাকারীর অনুপ্রবেশ ঘটে। আলু উৎপাদনকারী কৃষকগণের বেলায়ও একই কথা প্রযোজ্য। ক্ষুদ্র ক্ষুদ্র উৎপাদনকারীরা তাদের উদ্বৃত্ত পণ্য হাটে বা বাজারে বিক্রি করতে পারে কিন্তু বেশি পরিমাণে উৎপাদনকারীরা তাদের পণ্য হিমাগারে ভাড়ার বিনিময়ে রাখে। পাইকারি বিক্রেতারাও হিমাগারে এগুলো গুদামজাত করে।

বাংলাদেশে বিপণন কাজে যে সকল প্রতিষ্ঠান নিয়োজিত আছে তাদেরকে মোটামুটি দু'ভাগে ভাগ করা যায়। যথা : ১। কৃষিজ পণ্য বিপণনে নিযুক্ত প্রতিষ্ঠানসমূহ এবং ২। শিল্পে উৎপাদিত সামগ্রীসমূহের বিপণনে নিযুক্ত প্রতিষ্ঠানসমূহ।

যে সকল প্রতিষ্ঠান কৃষিজাত পণ্য বিপণন কাজে নিযুক্ত তারা হল :

(ক) ফড়িয়া ও বেপারি ;
(খ) আড়তদার, গোলাদার, দালাল ;
(গ) পাইকারি ব্যবসায়ী, (পাট বিক্রয়ের ক্ষেত্রে পরবর্তী ধাপে থাকে বেলার, শীপার ও কারখানা) ;
(ঘ) কৃষিজাত পণ্যের খুচরা ব্যবসায়ী এবং
(ঙ) ক্রয়-বিক্রয়ে নিযুক্ত সরকারি প্রতিষ্ঠানসমূহ।
এছাড়াও রয়েছে ব্যাংক, বীমা কোম্পানি ইত্যাদি সাহায্যকারী প্রতিষ্ঠানসমূহ।

অনুরূপভাবে শিল্পসামগ্রী বিপণনে নিযুক্ত প্রতিষ্ঠানসমূহ হল :

(ক) উৎপাদকের এজেন্ট ;
(খ) হোলসেলার বা পাইকারি বিক্রেতা ;
(গ) কমিশন এজেন্ট ;
(ঘ) ডিষ্ট্রিবিউটর এবং
(ঙ) খুচরা বিক্রেতা।
এছাড়াও রয়েছে ব্যাংক, বীমা কোম্পানী ইত্যাদি সাহায্যকারী প্রতিষ্ঠান।

সারসংক্ষেপ

- বিপণন হল এমন একটি কার্যক্রম যা ভোক্তাদের চাহিদা ও প্রয়োজন আবিষ্কার করে সে অনুযায়ী পণ্য ও সেবা উৎপাদন করে, চাহিদা সৃষ্টি ও বৃদ্ধির কাজে ব্যাপৃত থাকে এবং কোন পণ্যকে উৎপাদকের কাছ থেকে ভোক্তার কাছে পৌঁছে দেয়।

পাঠোত্তর মূল্যায়ন : ৬.৩

নৈর্ব্যক্তিক প্রশ্ন

সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দিন:

১। বিপণনের কাজ কি?
   ক. বিক্রয় করা ও উৎপাদন করা
   খ. উৎপাদনের সঙ্গে ভোগের সেতু সৃষ্টি করা
   গ. ভোক্তার চাহিদা আবিষ্কার করা
   ঘ. উৎপাদন করা ও প্রয়োজনমত যোগান দেয়া

২। মিল থেকে কারা কাপড় নিয়ে আসে?
   ক. মহাজন খ. খুচরা বিক্রেতা
   গ. পাইকারী বিক্রেতা ঘ. দালাল

৩। বাংলাদেশে বিপণন কাজে নিয়োজিত প্রতিষ্ঠানগুলোকে কয় ভাগে ভাগ করা যায়?
   ক. চার ভাগে খ. দুই ভাগে
   গ. পাঁচ ভাগে ঘ. ছয় ভাগে

রচনামূলক প্রশ্ন

১। বিপণন কি? বাংলাদেশে বিপণন কাজে নিযুক্ত প্রতিষ্ঠানসমূহের বর্ণনা দিন।

সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন

১। বিপণন কাকে বলে?
২। কৃষিপণ্য বিপণনে নিয়োজিত প্রতিষ্ঠানগুলো কি কি?
৩। শিল্প সামগ্রী বিপণনে নিয়োজিত প্রতিষ্ঠানসমূহের নাম লিখুন।

পাঠ ৪ : বাংলাদেশের কৃষিপণ্যের বাজার : পাটের বিপণন

উদ্দেশ্য :

এই পাঠ শেষে আপনি–

- পাট বিপণনের গুরুত্ব কি কি তা বলতে পারবেন।
- পাট বিপণনে সম্পাদিত কার্যাবলী কি কি বলতে পারবেন।

বাংলাদেশ একটি কৃষিপ্রধান দেশ। এ দেশের গ্রামীণ অর্থনীতির স্বরূপ নির্ধারণে কৃষিপণ্যের শ্রেণীবিভাগ, প্যাকিং, সংরক্ষণ ইত্যাদি ব্যাপারে বংশ পরম্পরায় যে প্রাগৈতিহাসিক পদ্ধতি পালিত হয়ে আসছে তা মোটেই সন্তোষজনক নয়। বাংলাদেশের কৃষিজ পণ্যের বিপণন ব্যবস্থায় বহু ত্রুটি লক্ষণীয়। পণ্যের উৎপাদক ও ভোক্তার মধ্যবর্তী পর্যায়ে অগণিত মধ্যস্বত্বভোগী ব্যবসা চালিয়ে পণ্যের বিক্রয়মূল্য বহুগুণে বৃদ্ধি করে।

বাংলাদেশে কৃষিজাত পণ্যই জাতীয় আয়ের প্রধান উৎস। এই পণ্যগুলো হচ্ছে – ১। চাউল, ২। পাট, ৩। চামড়া, ৪। চা, ৫। তামাক, ৬। তৈলবীজ, ৭। ডাল, ৮। শাক-সবজি, ৯। আম, ১০। পান ইত্যাদি।

পাট বিপণন

পাট বাংলাদেশের অর্থনীতির মেরুদণ্ড এবং অন্যতম প্রধান রফতানিযোগ্য সম্পদ। বাংলাদেশের প্রায় সর্বত্র পাটের চাষ করা হয়। মোট আবাদি জমির মাত্র ৭% জমির পাট চাষ থেকে ১৯৯৩-৯৪ অর্থ বছরে প্রায় ১৩০০ কোটি টাকার বৈদেশিক মুদ্রা অর্জিত হয়। দেশের ৭৭টি পাটকলে প্রতি বছর আনুমানিক ৩০ লাখ বেল কাঁচা পাট সরবরাহ করার পরও প্রায় ১০ থেকে ২০ লাখ বেল কাঁচা পাট উদ্বৃত্ত থাকে (এক বেলে ২ কুইন্টালের চেয়ে কিছু কম পাট থাকে)। শুধু পাট চাষে নিয়োজিত কৃষক ও বৈদেশিক মুদ্রা অর্জনের দৃষ্টিকোণ থেকেই নয়, প্রায় দেড় লক্ষ শ্রমিকের কথা বিবেচনা করে পাটকে বাংলাদেশের অন্যতম প্রধান সম্পদ বলা হয়। পাট দু'শ্রেণীর হয়। যথা :

(১) সাদা দেশী পাট ও

(২) তোষা পাট।

মোট উৎপাদিত পাটের শতকরা প্রায় ৭৫ ভাগই সাদা পাট। মানের উপর ভিত্তি করে পাটকে আরও কয়েকটি ভাগে ভাগ করা হয়।

পাট বিপণনে বিভিন্ন স্তর বা মধ্যস্থ কারবারি

বাংলাদেশে পাট বাজারজাতকরণ প্রক্রিয়ায় অনেকগুলো মধ্যস্বত্বভোগী কারবারি জড়িত থাকে। পাট বন্টন প্রণালীতে এসব মধ্যস্থকারবারী বিশেষ ভূমিকা পালন করে থাকে। প্রকৃতপক্ষে উৎপাদনকারী কৃষকরা তাদের উৎপাদিত পণ্যের ন্যায্য মূল্যের সামান্য অংশ মাত্র পায়। মধ্যস্থ কারবারিরাই মুনাফার বেশিরভাগ অংশ ভোগ করে।

এসব মধ্যস্থ কারবারিদের নিয়ে নিচে সংক্ষেপে আলোচনা করা হল :

বেপারি বা ফড়িয়া : পাটের বন্টন প্রণালীর প্রথম ধাপেই কর্মরত থাকে অসংখ্য বেপারি বা ফড়িয়া। তারা বাংলাদেশে পাট উৎপাদনকারী অঞ্চলগুলোতে বাড়ি বাড়ি ঘুরে পাট সংগ্রহ করে। এছাড়া উৎপাদকরা পাট বিক্রয়ের জন্য হাটে নিয়ে আসে। সেখানে ফড়িয়ারা উৎপাদকদের সাথে দরকষাকষি করে পাটের দাম ঠিক করে।

আড়তদার ও দালাল : আড়তদার এমন এক মধ্যস্থ কারবারি যে বেপারি, ফড়িয়া এবং উৎপাদককে পাটের ক্রেতা খুঁজে বের করতে সাহায্য করে। আড়তদার একদিকে উৎপাদক, বেপারী বা ফড়িয়া এবং অন্যদিকে বেলার ও মিলের মধ্যবর্তী পর্যায়ে কাজ করে। এ দু'পক্ষের যোগসূত্র হিসেবে আড়তদার কাজ করে। আড়তদারদের সংরক্ষণাগার থাকে এবং যারা এই সংরক্ষণাগারে পাট বিক্রির আগ পর্যন্ত সংরক্ষণ করতে চায় তাদের কাছ থেকে কমিশন আদায় করা হয়। সাধারণত আড়তদারগণ কমিশনের ভিত্তিতে কাজ করে।

দালাল : দালাল বা ব্রোকারও একজন মধ্যস্থতাকারী। তার প্রধান কাজ হলো ক্রেতা ও বিক্রেতাদেরকে পরস্পরের সান্নিধ্যে আনয়ন করা। এজন্য সে কমিশন বা মুনাফার অংশ লাভ করে।

কাঁচা বেলার : কাঁচা বেলার খোলা পাট ক্রয় করে। মান অনুসারে পাটগুলোকে আলাদা আলাদা করার পর কাঁচা বেলে রূপান্তর করে। কাঁচা বেলার যে গাইট তৈরি করে তা কাঁচা গাইট নামে পরিচিত।

বেল করা পাটের দালাল : এরা শুধুমাত্র বেল করা পাট নিয়ে কারবার করে। এসব দালালদের কাজ হলো ক্রেতা ও বিক্রেতার মধ্যে সংযোগ স্থাপন করে বেল করা পাটের লেনদেন সম্পন্ন করা।

স্বাধীনতার পর একাধিক সরকারি নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান পাট ক্রয় করছে। যথা—

(ক) জুট মার্কেটিং করপোরেশন ও (খ) বাংলাদেশ জুট করপোরেশন।

পাট বিপণনে সম্পাদিত কার্যাবলী

১. ক্রয়-বিক্রয় : বাংলাদেশের অধিকাংশ কৃষক দরিদ্র ও নিরক্ষর। নগদ অর্থের প্রয়োজন থাকাতে ফসল তোলার পরপরই তারা স্বল্প দামে পাট বিক্রি করে দেয়। প্রাথমিক পর্যায়ে খোলাখুলি দরকষাকষির মাধ্যমে মূল্য নির্ধারিত হয় এবং প্রাথমিকভাবে গুণাগুণ নির্ধারণ করা হয়। কখনো কখনো ক্রয়ের এক অংশ বাকিতে করা হয়।

মধ্যস্থতাকারীদের ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রেও পাটের মূল্য উঠানামার পশ্চাতে সংরক্ষণ ব্যবস্থা অন্যতম কারণ। সংরক্ষণ ব্যবস্থা অনেকেরই না থাকার কারণে তারা ক্রয়ের পরই তা বিক্রি করতে চায়।

২. গুদামজাতকরণ : প্রাথমিক স্তরে পাটের গুদামজাত করা হয় সাধারণত ব্যবসায়ীর বাড়ীতে বা অল্প সময়ের জন্য নদীর ঘাটে বা নৌকায়। বাংলাদেশে পাট গুদামজাত করার মত গুদাম খুবই সীমিত। তবে বেশিরভাগ কাঁচা বেলার তাদের নিজেদের গুদামে বা ভাড়া করা গুদামে পাট গুদামজাত করে।

৩. শ্রেণীবিভাগ : প্রাথমিক মধ্যস্থ কারবারিরা সঠিকভাবে পাটের বৈশিষ্ট্যের ভিত্তিতে প্রত্যেক শ্রেণী বা গ্রেডের নাম জানে না। কৃষকদেরও গ্রেড সম্পর্কে জ্ঞানের অভাব থাকায় তারা সর্বদা ক্ষতিগ্রস্ত হয়।

৪. পরিবহণ : বাংলাদেশে প্রাথমিক স্তরে ভারী পাটকে নৌকায় করে বহন করা হয়। অন্যদিকে কাঁচা বেলাররা রেলওয়ে ও ট্রাকের উপর নির্ভর করে।

৫) অর্থসংস্থান : বেপারি ও ফড়িয়ারা বেশিরভাগ ক্ষেত্রে নিজ টাকায় ব্যবসা করে। কেউ কেউ আত্মীয়-স্বজন বা বন্ধু-বান্ধবের কাছ থেকে পুঁজি চুক্তিভিত্তিতে নিয়ে কারবার করে। কাঁচা বেলাররা নিজ অর্থ বিনিয়োগের সাথে সাথে ব্যাংক থেকে যথেষ্ট সুবিধা পায়।

সারসংক্ষেপ

- পাট প্রধানত দুই ধরনের : সাদা দেশী ও তোষা। সাধারণত যেসব মধ্যস্বত্বভোগী পাট বিপণনে জড়িত থাকেন তারা হচ্ছেন : বেপারি বা ফড়িয়া, আড়তদার ও দালাল, কাঁচা বেলার ও বেল করা পাটের দালাল।

পাঠোত্তর মূল্যায়ন : ৬.৪

নৈর্ব্যক্তিক প্রশ্ন

সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দিন:

১। বাংলাদেশের মোট আবাদি জমির শতকরা কত ভাগে পাট চাষ করা হয়?
ক. ১২ খ. ১৫
গ. ৭ ঘ. ৪

২। বাংলাদেশের ৭৭টি পাটকলে বছরে কত লাখ বেল পাট সরবরাহ করা হয়?
ক. ৫০ খ. ৬২
গ. ২৫ ঘ. ৩০

৩। এক বেলে প্রায় কত কুইন্টাল পাট থাকে?
ক. ৫ খ. ৬
গ. ২ ঘ. ৪

রচনামূলক প্রশ্ন

১। পাট বিপণনের স্তরসমূহের মধ্যস্থ কারবারিদের বর্ণনা দিন।
২। পাট বিপণনে সম্পাদিত কার্যাবলী বর্ণনা করুন।

সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন

১। পাট বিপণনের গুরুত্ব আলোচনা করুন।

উত্তরমালা

অনুশীলনী ৬.১ : ১। গ ; ২। গ
অনুশীলনী ৬.২ : ১। খ ; ২। গ ; ৩। গ
অনুশীলনী ৬.৩ : ১। খ ; ২। গ ; ৩। খ
অনুশীলনী ৬.৪ : ১। গ ; ২। ঘ ; ৩। গ

ইউনিট ৭
জাতীয় আয়

ভূমিকা

জাতীয় আয় অর্থনীতির একটি গুরুত্বপূর্ণ বিষয়। কোন দেশের সমৃদ্ধি জাতীয় আয়ের মাধ্যমে বিচার করা হয়। কোন ব্যক্তির জীবনযাত্রার মান যেমন তার ব্যক্তিগত আয়ের উপর নির্ভর করে, তেমনি একটি দেশের মানুষের জীবনযাত্রার মান সে দেশের জাতীয় আয়ের উপর নির্ভর করে। জাতীয় আয়ের পরিমাণ একটি দেশের মোট উৎপাদনের পরিমাণের উপর নির্ভর করে। তাই একটি দেশের মোট উৎপন্ন দ্রব্য ও সেবা সম্পর্কে জ্ঞান থাকলে জাতীয় আয়ের ধারণাটি বুঝতে সহজ হবে। এ ছাড়া যেহেতু ব্যক্তির আয়ের উপর তার জীবনযাত্রার মান নির্ভর করে তাই মাথাপিছু আয়ের ধারণার সাথে আমাদের পরিচয় থাকা প্রয়োজন। জাতীয় আয় বাড়লে মাথাপিছু আয়, সঞ্চয় ও বিনিয়োগ বাড়ে। আলোচ্য পাঠে জাতীয় উৎপাদন ও জাতীয় আয়, বাংলাদেশের উৎপন্ন দ্রব্য প্রভৃতি বিষয়ে আলোকপাত করা হবে।

পাঠ ১ : জাতীয় উৎপাদন ও জাতীয় আয়

উদ্দেশ্য :

এ পাঠ শেষে আপনি–

- জাতীয় উৎপাদন সম্পর্কে বলতে পারবেন।
- জাতীয় আয়ের বিবরণ দিতে পারবেন।
- জাতীয় উৎপাদন ও জাতীয় আয়ের পার্থক্য বর্ণনা করতে পারবেন।

জাতীয় উৎপাদন

উৎপাদন সম্পর্কে আমরা পূর্বের ইউনিটে জেনেছি। এবার আসুন জাতীয় উৎপাদন কি, সে সম্পর্কে জেনে নিই। একটি দেশের অধিবাসীরা সে দেশের প্রাকৃতিক সম্পদ, শ্রম, মূলধন ও সংগঠনের সাহায্যে দ্রব্যসামগ্রী ও সেবাকর্ম উৎপাদন করে। কোন দেশ এক বছরে যে পরিমাণ দ্রব্যসামগ্রী ও সেবাকর্ম উৎপাদন করে তাকে সে দেশের জাতীয় উৎপাদন বলা হয়। যেমন– কৃষক কৃষিপণ্য উৎপাদন করে, শ্রমিক কারখানায় শিল্পদ্রব্য উৎপাদন করে, খনির শ্রমিক খনি হতে খনিজদ্রব্য উৎপাদন করে, শিক্ষক শিক্ষকতা করে, ডাক্তার রোগী দেখে ইত্যাদি। এসব কাজকর্মের ফলে **কোন দেশে এক বছরে যে পরিমাণ দ্রব্যসামগ্রী ও সেবাকর্ম সৃষ্টি হয় তাদের সমষ্টিকে মোট জাতীয় উৎপাদন বলে।**

উৎপাদন চলার সময় কল-কারখানা, যন্ত্রপাতি প্রভৃতি ক্রমশ পুরাতন ও অকেজো হয়ে পড়ে, অর্থাৎ অবচয়ের সৃষ্টি হয়। কিন্তু উৎপাদন চালু রাখতে হলে এগুলো মেরামত করা বা বদলানো প্রয়োজন হয়ে পড়ে। মোট জাতীয় উৎপাদন হতে এসব ক্ষয়-ক্ষতি বাবদ বরাদ্দ অর্থ বাদ দিলে নীট জাতীয় উৎপাদন পাওয়া যায়।

জাতীয় আয়

আমাদের দেশে ইটের ভাটায় উৎপাদিত একটি ইটের কথাই ধরুন। এই ইটটির একটি মূল্য আছে। অর্থাৎ অর্থ দিয়ে এটিকে ক্রয় করতে হয়। অনুরূপভাবে জাতীয় উৎপাদনেরও মূল্য আছে। আর **কোন দেশের শ্রম ও মূলধন সে দেশের প্রাকৃতিক সম্পদ ব্যবহারের মাধ্যমে যে পরিমাণ দ্রব্যসামগ্রী ও সেবার সৃষ্টি করে তার মোট আর্থিক মূল্যকে জাতীয় আয় বলে।** জাতীয় আয় হিসাব করার সময় মোট জাতীয় আয় হতে যন্ত্রপাতি, কারখানা গৃহ, প্রভৃতির ক্ষয়-ক্ষতিজনিত ব্যয়, বৃদ্ধ বয়সের ভাতা, বে-আইনী কার্যকলাপের মাধ্যমে অর্জিত আয়, দেশে অবস্থানরত বিদেশীদের আয় বাদ দিতে হয় এবং উক্ত দেশের নাগরিকদের বিদেশ হতে প্রাপ্ত আয় যোগ করতে হয়। তাছাড়া জাতীয় আয় হিসাবের সময় একই দ্রব্যের দাম যাতে দুবার যোগ না হয় সেদিকে লক্ষ্য রাখতে হয়। যেমন, বইয়ের দাম হিসাবের সময় কাগজের দাম যাতে আলাদাভাবে ধরা না হয় সেদিকে খেয়াল রাখতে হয়।

জাতীয় উৎপাদন ও জাতীয় আয়ের মধ্যে পার্থক্য

জাতীয় আয় এবং জাতীয় উৎপাদন– এই ধারণা দুটি পরস্পর এক নয়। সাধারণত জাতীয় উৎপাদন ও জাতীয় আয়ের মধ্যে নিম্নলিখিত পার্থক্য দেখা যায় :

১। কোন একটি নির্দিষ্ট সময়ে (সাধারণত এক বছর) কোন দেশের মোট উৎপাদিত দ্রব্য ও সেবা কর্মের সমষ্টিকে জাতীয় উৎপাদন বলে। জাতীয় উৎপাদনের আর্থিক মূল্যকে জাতীয় আয় বলে।

২। জাতীয় আয়ের ধারণা কিছুটা সংকীর্ণ কিন্তু জাতীয় উৎপাদনের ধারণাটা ব্যাপক। জাতীয় উৎপাদন হিসাব করার সময় মূলধন দ্রব্যের (যন্ত্রপাতি, কারখানা গৃহ ইত্যাদির) ক্ষয়-ক্ষতিজনিত ব্যয় বাদ দেওয়া হয় না। জাতীয় আয় হিসাব করার সময় এ ব্যয় বাদ দেওয়া হয়।

৩। জাতীয় উৎপাদন বস্তু ও সেবার পরিমাণ বা অর্থের মাধ্যমে প্রকাশ করা যায়। কিন্তু জাতীয় আয় শুধু অর্থের মাধ্যমে প্রকাশ করা যায়।

মাথাপিছু আয়

পৃথিবীর দরিদ্রতম অঞ্চলগুলোর অন্যতম দক্ষিণ এশিয়া। বিশ্বের জনসংখ্যার শতকরা প্রায় ২২ ভাগ দক্ষিণ এশিয়ায় বাস করে। কিন্তু বিশ্বের দরিদ্র জনগোষ্ঠীর প্রায় অর্ধেকের বাস এই দক্ষিণ এশিয়ায়। এ থেকে সহজেই অনুমান করা যায়, দক্ষিণ এশিয়ার জনগণের মাথাপিছু আয় খুবই কম। কোন দেশের মানুষের গড় জীবনযাত্রার মান সম্পর্কে ধারণা করতে হলে মাথাপিছু আয়ের হিসাব করতে হবে। তাই মাথাপিছু আয় কাকে বলে সেটা জানা প্রয়োজন। একটি নির্দিষ্ট সময়ে কোন দেশের মোট জাতীয় আয়কে মোট জনসংখ্যা দ্বারা ভাগ করলে মাথাপিছু আয় পাওয়া যায়।

$$\text{মাথাপিছু আয়} = \frac{\text{মোটি জাতীয় আয়}}{\text{দেশের জনসংখ্যা}}$$

সাধারণত মাথাপিছু আয় দ্বারা কোন দেশের অর্থনৈতিক সমৃদ্ধি ও দেশবাসীর জীবনযাত্রার মান নির্ধারণ করা হয়।

সারসংক্ষেপ

